# সুনান আদ-দারাকুতনী

## হাদিস নাম্বারঃ ৭১৮

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬৬. মোজাদ্বয়ের উপর মসেহ করা

بَابٌ الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ

---

আরবী

حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا عَلِيُّ بْنُ شُعَيْبٍ ، نَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ ، عَنِ الْأَعْمَشِ ، عَنْ إِبْرَاهِيمَ ، عَنْ هَمَّامِ بْنِ الْحَارِثِ ، قَالَ : " رَأَيْتُ جَرِيرًا تَوَضَّأَ مِنْ مَطْهَرَةٍ فَمَسَحَ عَلَى خُفَّيْهِ ، فَقِيلَ لَهُ : تَمْسَحُ عَلَى خُفَّيْكَ ؟ فَقَالَ : " إِنِّي قَدْ رَأَيْتُ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ يَمْسَحُ عَلَى الْخُفَّيْنِ " . فَكَانَ هَذَا الْحَدِيثُ يُعْجِبُ أَصْحَابَ عَبْدِ اللَّهِ ؛ يَقُولُونَ : إِنَّمَا كَانَ إِسْلَامُهُ بَعْدَ نُزُولِ الْمَائِدَةِ

বাংলা

৭১৮(২). আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... হাম্মাম ইবনুল হারিছ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি জারীর (রাঃ)-কে দেখেছি, তিনি পানির পাত্র থেকে পানি নিয়ে উযু করেন এবং মোজাদ্বয়ের উপর মসেহ করেন। তাকে বলা হলো, আপনি কি আপনার মোজাদ্বয়ের উপর মসেহ করেন? তিনি বলেন, নিশ্চয়ই আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে তাঁর মোজাদ্বয়ের উপর মসেহ করতে দেখেছি। আবদুল্লাহ (রাঃ)-র সঙ্গীগণের এই হাদীস পছন্দনীয় ছিল। তারা বলতেন, নিশ্চয়ই জারীর (রাঃ) সূরা আল-মাইদা নাযিল হওয়ার পর ইসলাম গ্রহণ করেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ হাম্মাম ইবনু হারিস (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80507

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন